



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000

E-mail: [dg@brrri.gov.bd](mailto:dg@brrri.gov.bd), [brrihq@yahoo.com](mailto:brrihq@yahoo.com), Website: [www.brrri.gov.bd](http://www.brrri.gov.bd), [www.knowledgebank-brrri.org](http://www.knowledgebank-brrri.org)

কৃষিই সমৃদ্ধি

## বিশেষ বুলেটিন


### ধানে তাপপ্রবাহের (হিটওয়েভ) আগাম সতর্কবার্তা

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী কয়েকদিন (১১-১৭ এপ্রিল, ২০২৩) সারা দেশের বেশিরভাগ এলাকায় মাঝারি থেকে তীব্র তাপপ্রবাহ বিরাজ করতে পারে

বেশী ঝুঁকিপূর্ণ এলাকাঃ রাজশাহী, খুলনা, বরিশাল এবং ঢাকা বিভাগ

### Heat Wave Thresholds (°C)

● Mild [0-38 °C] ● Moderate [38-40 °C] ● Severe [40-42 °C] ● Very Severe [42 °C ++]



ধানের পরিপক্ব পর্যায়ে উচ্চ তাপমাত্রা (>৩৫ ডিগ্রি সেলসিয়াস) দানা গঠন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করে বিধায় অর্ধপুষ্ট দানার সংখ্যা বৃদ্ধি পায়, যা ধানের ফলন ও গুণগত মানের উপর নেতিবাচক প্রভাব ফেলে।

ধানের ফুল ফোঁটা ও পরাগায়নের সময় ধানের যে শীষগুলোয় ফুল ফুটতে থাকে, তা খুবই অ্যাকটিভ অবস্থায় থাকে। এ অবস্থায় ধানের শীষকে তপ্ত হাওয়ার (লু হাওয়া) ক্ষতি থেকে রক্ষার জন্য গাছ প্রচুর পরিমাণে পানি প্রস্বেদন প্রক্রিয়ায় বের করে দেয়। এ প্রস্বেদন অনেকটা গাছের শারীরবৃত্তীয় প্রক্রিয়ার কুলিং সিস্টেমের ন্যায় কাজ করে। কাজেই এ সময় তীব্র তাপদাহের হিট শকের ক্ষতি থেকে ধান রক্ষার উপায় হচ্ছে বোরো ধানের জমিতে পর্যাপ্ত পানি ধরে রাখতে হবে এবং ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ২-৩ ইঞ্চি দাঁড়ানো পানি রাখতে হবে।

সূত্রঃ বিএমডি এবং রাইমস